গোপনীয়

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭২(শৃঙ্খলা)/২০১৭-২০১৮/২০১৮-১৯/ তারিখঃ ০৭.০৫.২০১৯ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব মোঃ এম.এ.সুজন, উর্ধ্বতন কর্মকর্তা, বিকেবি, গয়েশপুর শাখা, ময়মনসিংহ (দঃ) ইতিপূর্বে উক্ত শাখায় দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর শৃঙ্খলা সম্পর্কিত ৩৮(ক), (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নমূলক অপরাধের জন্য শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নং-০৩/১৮-১৯ রুজুপূর্বক অত্র বিভাগের ২৯-০৭-২০১৮ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭২(২০১৭-২০১৮)/২০১৮-১৯/২৪০ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করেন নাই এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক বিষয়াদি বিচার-বিশ্লেষন করিয়া আপনি জনাব মোঃ এম.এ.সুজন আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদন্ডে দন্ডিত করা হইবেনা-এই মর্মে অত্র বিভাগের ১৮.০৩.২০১৯ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭২(শৃঙ্খলা)/২০১৭-১৮/২০১৮-১৯/২৮৬৩ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল ;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ এম.এ.সুজন অত্র বিভাগের ১৮.০৩.২০১৯ ইং তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন নাই। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ এম.এ.সুজন আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদন্ড তথা চাকুরী হইতে অপসারন করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(ঈ) প্রবিধি মোতাবেক আপনি জনাব মোঃ এম.এ.সুজন আপনাকে চাকুরী হইতে অপসারনের আদেশ দিলেন ।

উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
জনাব মোঃ এম.এ.সুজন (এস-৪৫৭২) উর্ধ্বতন কর্মকর্তা বাংলাদেশ কৃষি ব্যাংক গয়েশপুর শাখা, ময়মনসিংহ (দঃ)।	জনাব মোঃ এম, এ, সুজন পিতাঃ মৃতঃ আব্দুল কাদের গ্রামঃ পুরাতন গরুহাটা থানাঃ+পোঃ ফুলবাড়িয়া জেলাঃ ময়মনসিংহ।	জনাব মোঃ এম, এ, সুজন ফিন্যান্সিয়াল ইম্পরি সেন্টার লেভেল-০৬, প্লট-০৬, রোড নম্বর-৯৩ নর্থ এভিনিউ, গুলশান-০২, ঢাকা-১২১২। মোবাইল নাম্বারঃ ০১৭১৬-৭৪১১৮৪

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭২(শৃঙ্খলা)/২০১৭-২০১৮/২০১৮-১৯/ ১৪১৫(৬) তারিখঃ ০৭.০৫.২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। স্টাফ অফিসার উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
০৪। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
০৫। উপ-মহাব্যবস্থাপক, পরিধারন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল।
০৭। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (দঃ)।
০৮। ব্যবস্থাপক, বিকেবি, গয়েশপুর শাখা, ময়মনসিংহ (দঃ)। এতদসংগে প্রেরিত মূল অভিযোগনামাটি জনাব মোঃ এম, এ, সুজন এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। অভিযুক্তকে পাওয়া না গেলে বা তিনি উহা গ্রহণে অস্বীকৃতি জানাইলে তাহার কোন নিকট আত্মীয়ের (পিতা,মাতা,ভাই,বোন,স্ত্রী ও ছেলেমেয়ে) নিকট প্রাপ্তি স্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তর করিবেন। আর যদি তাহারা উহা গ্রহণে অস্বীকৃতি জানান তাহা হইলে আপনার শাখার ০১(এক) জন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে ০২ (দুই) জন স্বাক্ষীর উপস্থিতিতে তাহার স্থায়ী ঠিকানায় বসতবাড়ীর সদর দরজার সহজে দৃশ্যমান হয়, এমনস্থানে লটকাইয়া জারী করতঃ স্বাক্ষীগণের স্বাক্ষর ও নাম ঠিকানা গ্রহণপূর্বক জারী সংক্রান্ত একটি প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
০৯। নথি/ মহানথি / মূলনথি।

(মোঃ আহসান উল্লাহ)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা